"الْجَمَاعَةُ" (আল- জামাআ'ত) তথা أَهْلُ السُّنَّةِ وَ الْجَمَاعَةِ (আহলুছছুন্নাত ওআল জামাআত দলটির অনুসরন করা ফরজ বা আবশ্যক কেন ?

"الْجَمَاعَةُ" (আল-জামাআ'ত) তথা أَهْلُ السُّنَّةِ وَ الْجَمَاعَةِ (আহলুছছুন্নাত ওআল জামাআত) দলটি মহান আল্লাহর আদেশে আমাদের নবী মুহাম্মাদুর রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামার প্রবর্তিত দল। যে কোন নবী-রাসুল (আলাইহিমুসসালামগণ) কর্তৃক গঠিত দল হচ্ছে সঠিক দল । প্রত্যেক নবী-রাসুলের (আলাইহিমুসসালামগণের) দলের নাম হচ্ছে الْجَمَاعَةُ (আল-জামাআ'ত) নামে দল তথা أَهْلُ السُّنَّةِ وَ الْجَمَاعَةِ (আহলুসসুন্নাহ ওআল জামাআ'ত) নামে দল। (পূর্বে বর্ণিত হদিস শরীফে এ বিষয়টির বর্ণনা আছে,হাদিস শরীফ নং-১৩৪৮১ , অত্র গ্রন্থের পৃষ্ঠা নং-৪২ এবং ১৭৭ , দেখুন) ।
আমাদের নবী মুহাম্মাদুর রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামার প্রবর্তিত দলের নামও হচ্ছে الْجَمَاعَةُ (আল-জামাআ'ত) নামে দল তথা أَهْلُ السُّنَّةِ وَ الْجَمَاعَةِ (আহলুসসুন্নাহ ওআল জামাআ'ত) নামে দল। যেহেতু الْجَمَاعَةُ (আল-জামাআ'ত) নামে দল তথা أَهْلُ السُّنَّةِ وَ الْجَمَاعَةِ (আহলুসসুন্নাহ ওআল জামাআ'ত) নামে দলটি হচ্ছে মহান আল্লাহর আদেশে আমাদের নবী মুহাম্মাদুর রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামার প্রবর্তিত ফরজ হিসেবে পালনীয় একমাত্র একটি দল সেহেতু الْجَمَاعَةُ (আল-জামাআ'ত) নামে দল তথা أَهْلُ السُّنَّةِ وَ الْجَمَاعَةِ (আহলুসসুন্নাহ ওআল জামাআ'ত) নামে দলটি صراط مستقيم (সিরাতুমমুসতকিম) তথা সরল- সোজা পথের উপর প্রতিষ্ঠ একমাত্র একটি সঠিক দল এবং এ দলটি سبيل الله (সাবিলুল্লাহ) তথা আল্লাহর পথে আছে । উদ্দেশ্য এই যে, আল্লাহ পর্যন্ত পোঁছা এবং তাঁর সন্তুষ্টি অর্জনের আসল পথ তো একটিই, জগতে যদিও মানুষ নিজ নিজ ধারণা অনুযায়ী অনেক পথ করে রেখেছে । তোমরা সেসব পথে চলো না। কেননা, সেগুলো বাস্তবে আল্লাহ পর্যন্ত পৌঁছে না। কাজেই, যে ব্যাক্তি এ সব ভিন্ন ভিন্ন পথে চলবে সে আল্লাহ থেকে দূরেই সরে পড়বে । অতএব, "أَرْذَلُ الْقُرُوْنِ তথা সর্বনিকৃষ্ট শতাব্দীর " কতক সর্বনিকৃষ্ট মুসলিম মানুষ কর্তৃক ইসলামের নামে বা ইসলাম ধর্মের গুণাবলীর নামে এমনকি পবিত্র কুরআন ও হাদিস শরীফের বাক্য ও শব্দাবলীর নামের সাথে সম্পর্কিত ভিন্ন ভিন্ন নামে (যেমন <u>মুসলিম বিশ্বের বিভিন্ন দেশে এমনকি উদাহরণস্বরুপ বাংলাদেশে বিদ্যমান দল-উপদলগুলোর মত যে কোন ভিন্ন ভিন্ন নামে))</u> গঠিত যে কোন দলই সঠিক নয় বরং ভ্রান্ত । এ দলগুলোর সংখ্যা বেশী হওয়ায় এ দলগুলোর পথের সংখ্যাও বেশী । এ দলগুলো سبيل الشيطان (সাবিলুশশাইতন) তথা শয়তানের পথে আছে ।
এই বিষয়টি ভালভাবে বুঝতে হলে নিম্ন বর্ণিত হাদিস শরীফগুলো ভাল করে অধ্যয়ন করতে হবে।

(1) و أخرج أحمد و عبد بن حميد و النسائي والبزار وابن منذر وابن أبي خاتم وابو الشيخ وابن مردويه والحاكم وصححه عن ابن دسعود قال:خط رسول الله صلي الله عليه وسلم خطاً بيده،ثم قال((هذا سبيل الله مستقيماً، ثم خط خطوطاً عن يمين ذلك الخط وعن شماله، ثم قال : وهذه السبل ليس منها سبيل إلا عليه شيطان يدعو اليه، ثم قرأ وأن هذا صراطي مستقيماً « فاتبعوه ولا تتبعوا السبل فتفرق بكم عن سبيله » ا الاية سورة الانعام (153).]
অর্থঃ- ইবনে মাসউদ (রাদিআল্লাহু আনহু) থেকে বর্ণিত , তিনি বলেন : রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা তাঁর হাত দিয়ে একটি রেখা আঁকলেন, তারপর বললেন- এটা আল্লাহর সোজা পথ, তারপর ঐ রেখাটির ডানে-বামে আরো কতগুলো রেখা আঁকলেন, অতপর বললেন : এ গুলো(এমন) পথ, এ পথগুলো থেকে এমন কোন পথ নেই যার উপর শয়তান নাই (এ পথগুলোর উপর শয়তান রয়েছে), শয়তান তার ঐ পথগুলোর দিকে আহবান করছে

।(আহমদ,নিসাই, বাজ্জার,ইবনে আবি হাতিম,ইবনে মারদুইয়া ও হাকিম) তারপর (কুরআনের আয়াত)পাঠ করলেন "এটা আমার সোজা পথ, তোমরা এ পথটি অনুসরন কর, আর তোমরা অনেক পথ অনুসরন করো না, তা হলে কিন্তু এ পথগুলো আল্লাহর পথ থেকে তোমাদেরকে সরিয়ে নিবে" । সুরা আনআ'ম, আয়াত নং-১৫৩ ।

و أخرج أحمد و ابن ماجه وابن أبي خاتم وابن مردويه عن جابر بن عبد الله قال « كنا جلوساً عند النبي صلي الله عليه وسلم فخط خطاً هكذا أمامه فقال: هذا سبيل الله عَزَّ و جَلَّ ، وخطين عن يمينه وخطين عن شماله ، قال : هذا سبل الشيطان. ثم وضع يده في الخط الاوسط ثم تلا (15510)مسند أحمد] « وأن هذا صراطي مستقيماً فاتبعوه ولا تتبعوا السبل فتفرق بكم عن سبيله » الاية سورة الانعام (153) »

অর্থঃ- জাবির বিন আব্দুল্লাহ বলেন," আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামার নিকট বসা ছিলাম, তিনি এরূপে তাঁর সামনে একটি রেখা আঁকলেন, তারপর বললেন ; এটা আল্লাহর পথ, আর এ রেখাটির ডানে-বামে দুটি করে রেখা আঁকলেন, আর বললেন : এ টা শয়তানের পথ।(আহমদ,ইবনে মাজাহ, ইবনে আবি হাতিম,ইবনে মারদুইয়া)) অতপর তিনি মাঝের রেখাটিতে হাত রাখলেন আর তেলাওয়াত করলেন, মুসনাদু আহমাদ,হাদিস শরীফ নং-১৫১০,- سورة] « وأن هذا صراطي مستقيماً فاتبعوه ولا تتبعوا السبل فتفرق بكم عن سبيله » الاية الأنعام(153) " এটা আমার সোজা পথ, তোমরা এ পথটি অনুসরন কর, আর তোমরা অনেক পথ অনুসরন করো না, তা হলে কিন্তু এ পথগুলো আল্লাহর পথ থেকে তোমাদেরকে সরিয়ে নিবে", । সুরা আনআ'ম, আয়াত নং-১৫৩ ।

(3)عن ابن عن عاصم عن ابي وائل عن عبد الله ، قال:خط لنا رسول الله صلي الله عليه وسلم يوماً فقال،(هذا سبيل الله». ثم خط عن يمين ذلك الخط وعن شماله خطوطاً فقال : وهذه سبل علي كل سبيل منها شيطان يدعو اليها». مسندأحمد[ا/465(4437) الدارمي[202] ثم قرأ هذه الاية : « وأن هذا صراطي مستقيماً فاتبعوه ولا تتبعوا السبل فتفرق بكم عن سبيله >> سورة الانعام (153) »]

অর্থঃ- আব্দুল্লাহ (রাদিআল্লাহু আনহু) থেকে বর্ণিত , তিনি বলেন : রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা একদিন আমাদের জন্য একটি রেখা আঁকলেন, তারপর বললেন- এটা আল্লাহর পথ, তারপর ঐ রেখাটির ডানে-বামে আরো কতগুলো রেখা আঁকলেন, অতপর বললেন : এ গুলো পথ, এ পথগুলোর প্রত্যেকটির উপর শয়তান আছে,সে (শয়তান) তার ঐ পথগুলোর দিকে আহবান করছে । তারপর এ অয়াত তেলাওয়াত করলেন "এটা আমার সোজা পথ, তোমরা এ পথটি অনুসরন কর, আর তোমরা অনেক পথ অনুসরন করো না, তা হলে কিন্তু এ পথগুলো আল্লাহর পথ থেকে তোমাদেরকে সরিয়ে নিবে" । সুরা আনআ'ম, আয়াত নং-১৫৩ । উপরে বর্ণিত

তিনটি হাদিস শরীফের বাক্যের শব্দাবলীতে কিছুটা পার্থক্য রয়েছে কিন্তু হাদিস শরীফত্রয়ের অর্থ,ভাব ও উদ্দেশ্য এক ও অভিন্ন । প্রত্যেকটি হাদিস শরীফে একটি কথাই স্পষ্ট হয়েছে যে, আমাদের নবী মুহাম্মাদুর রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা একটি সোজা রেখা এঁকে বলেছেন: (هذا سبيل الله». " এটা আল্লাহর পথ " । যেহেতু الْجَمَاعَةُ (আল-জামাআ'ত)দল তথা أَهْلُ السُّنَّةِ وَ الْجَمَاعَةِ (আহলুসসুন্নাহ ওআল জামাআ'ত)দলটি হচ্ছে মহান আল্লাহর আদেশে আমাদের নবী মুহাম্মাদুর রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামার প্রবর্তিত ফরজ হিসেবে পালনীয়

একমাত্র একটি বেহেস্তী দল সেহেতু এর একমাত্র পথ হচ্ছে سبيل الله (সাবিলুল্লাহ) তথা আল্লাহর পথ । الْجَمَاعَةُ(আল-জামাআ'ত)নামে দল তথা أَهْلُ السُّنَّةِ وَ الْجَمَاعَةِ(আহলুসসুন্নাহ ওআল জামাআ'ত)নামে দলটি سبيل الله (সাবিলুল্লাহ) তথা আল্লাহর পথের উপর দন্ডায়মান আছে।

উপরোল্লিখিত হাদিস শরীফত্রয়ে আমাদের নবী মুহাম্মাদুর রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা তাঁর অঙ্কিত সোজা রেখার ডানে-বামে আরো কতগুলো রেখা এঁকে বললেন : "এগুলো سبيل الشيطان (সাবিলুশশাইতন) তথা "শয়তানের পথ " ।
"أَرْذَلُ الْقُرُوْنِ তথা সর্বনিকৃষ্ট শতাব্দীর " কতক সর্বনিকৃষ্ট মুসলিম মানুষ কর্তৃক ইসলামের নামের সাথে বা ইসলামের গুণাবলীর সাথে এমনকি পবিত্র কুরআন ও হাদিস শরীফের বাক্য ও শব্দাবলীর নামের সাথে সম্পর্কিত ভিন্ন ভিন্ন নামে গঠিত অন্য সব দল-উপদল سبيل الشيطان (সাবিলুশশাইতন) তথা শয়তানের পথের উপর দন্ডায়মান । বর্তমানে الْجَمَاعَةُ (আল-জামাআ'ত)নামে দল তথা أَهْلُ السُّنَّةِ وَ الْجَمَاعَةِ (আহলুসসুন্নাহ ওআল জামাআ'ত)নামে দলটি নিয়ে এখন বর্তমান কালের "أَرْذَلُ الْقُرُوْنِ তথা সর্বনিকৃষ্ট শতাব্দীর " কতক সর্বনিকৃষ্ট মুসলিম উলামাকেরাম নিজ নিজ ঘরে পরিবার-পরিজন,সন্তা-সন্ততি, পিতা-মাতা, ভাই-বোন, সভা-সমিতিতে, ওয়াজ-মাহফিলে, সেমিনার-সম্মেলন ইত্যাদিতে শ্রোতাদের সাথে, নিজ এলাকায় মসজিদে , নিজ মহল্লায়-নিজ গ্রামে মুসলিম জনগণের সাথে, নিজ পরিবারের সদস্যদের সাথে তেমন কোন আলোচনা -পর্যালোচনা করেন না । বরং "أَرْذَلُ الْقُرُوْنِ তথা সর্বনিকৃষ্ট শতাব্দীর কতক সর্বনিকৃষ্ট মুসলিম মানুষ কর্তৃক যেমন উদাহরণস্বরূপ বাংলাদেশে ইসলামের নামের সাথে বা ইসলামের গুণাবলীর সাথে এমনকি পবিত্র কুরআন ও হাদিস শরীফের বাক্য ও শব্দাবলীর নামের সাথে সম্পর্কিত ভিন্ন ভিন্ন নামে গঠিত অন্য সব দলগুলো নিয়ে [1] নিজ নিজ ঘরে পরিবার-পরিজন,সন্তা-সন্ততি, পিতা-মাতা, ভাই-বোন, সভা-সমিতিতে, ওয়াজ-মাহফিলে, সেমিনার-সম্মেলন ইত্যাদিতে শ্রোতাদের সাথে, নিজ এলাকায় মসজিদে , নিজ মহল্লায়-নিজ গ্রামে মুসলিম জনগণের সাথে, নিজ পরিবারের সদস্যদের সাথে বেশ আলোচনা -পর্যালোচনা করে থাকেন । ফলশ্রুতিতে "أَرْذَلُ الْقُرُوْنِ তথা সর্বনিকৃষ্ট শতাব্দীর " প্রায় অধিকাংশ মুসলিম মানুষের মনে আমাদের নবী মুহাম্মাদুর রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামার প্রবর্তিত ফরজ হিসেবে পালনীয় একমাত্র একটি দল الْجَمَاعَةُ(আল-জামাআ'ত)নামে দল তথা أَهْلُ السُّنَّةِ وَ الْجَمَاعَةِ (আহলুসসুন্নাহ ওআল জামাআ'ত)নামে দলটি সম্পর্কে সূষ্ঠ , পোক্ত ধারনা নাই বললেই চলে ।

অথচ " خير القرون الثلاثة তথা " উৎকৃষ্ট তিনশতাব্দী" পর্যন্ত (আমাদের নবী মুহাম্মাদুর রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামার শতাব্দী থেকে শুরু করে পরবর্তী ৩১২(তিনশত বার) হিজরী বৎসর সময়কাল পর্যন্ত) মুসলিম মানুষের মনে الْجَمَاعَةُ (আল-জামাআ'ত)নামে দল তথা أَهْلُ السُّنَّةِ وَ الْجَمَاعَةِ(আহলুসসুন্নাহ ওআল জামাআ'ত)নামে দলটি সম্পর্কে সূষ্ঠ , পোক্ত ধারনা ছিল ।

---

[1] >> **যেমন উদাহরণস্বরূপ বাংলাদেশে তাবলীগ জামাআ'ত, খেলাফত মজলিস, জামাআ'তে ইসলাম, নেজামে ইসলাম, হেফাজতে ইসলাম , আহলুল হাদিস /আহলে হাদিস ইত্যাদি নামে দলগুলো নিয়ে<<**